

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৬

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رِوَايَةً: «يُوْشِكُ أَنْ يَضْرِبَ النَّاسُ أَكْبَادَ الْبَلِ يَطْلُبُونَ الْعِلْمَ فَلَا يَجِدُونَ أَحَدًا أَعْلَمَ مِنْ عَالَمَ الْمَدِينَةِ». رَوَاهُ التِّرمِذِيُّ فِي جَامِعِهِ. قَالَ أَبْنُ عِيْنَةَ: إِنَّهُ مَالِكُ بْنُ أَنْسٍ وَمَثْلُهُ عَنْ عَبْدِ الرَّزَّاقِ قَالَ أَسْحَقُ بْنُ مُوسَى: وَسَمِعْتُ أَبْنَ عِيْنَةَ أَنَّهُ قَالَ: هُوَ الْعُمَرِيُّ الْزَّاهِدُ وَاسْمُهُ عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللَّهِ

বাংলা

২৪৬-[৪৯] আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এমন সময় খুব বেশি দূরে নয়, মানুষ যখন জ্ঞানের সন্ধানে উটের কলিজায় আঘাত করবে (অর্থাৎ- উটে আরোহণ করে দুনিয়া ঘুরে বেড়াবে)। কিন্তু মদীনার 'আলিমদের চেয়ে বড় কোন 'আলিম কোথাও খুঁজে পাবে না।[1]

জামি' আত্ম তিরমিয়ীতে ইবনু 'উত্তায়নাহ্ হতে বর্ণিত হয়েছে, মদীনার সে 'আলিম মালিক ইবনু আনাস। 'আবদুর রায়যাক্তও এ কথা লিখেছেন। আর ইসহাক ইবনু মুসার বর্ণনা হলো, আমি ইবনু 'উত্তায়নাহকে এ কথা বলতে শুনেছি, মদীনার সে 'আলিম হলো 'উমারী জাহিদ। অর্থাৎ- 'উমার ফারক (রাঃ)-এর খান্দানের লোক। তার নাম হলো 'আবদুল 'আয়ীয় ইবনু 'আবদুল্লাহ।

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিয়ী ২৬৮০, য'ঈফুল জামি' ৬৪৪৮, হাকিম ১/৯১, য'ঈফাহ্ ৪৮৩৩। যদিও ইমাম তিরমিয়ী এটিকে হাসান বলেছেন। কারণ এর সানাদে ইবনু জুরায় এবং আবুয় যুরায় নামে দু'জন মুদাল্লিস রাবী রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসটি বর্ণনা করে ইমাম হাকিম বলেন, ইমাম মুসলিমের শর্তে হাদীসটি সহীহ। হাদীসটি দ্বারা বুঝা

যায়, মানুষ বিদ্যার্জনের জন্য এক দেশ হতে অন্য দেশে ভ্রমণ করবে। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ ধরনের উক্তি বিদ্যা অর্জনের প্রতি উৎসাহ প্রদান করে। হাদীসে ‘মদীনার ‘আলিম অপেক্ষা অধিক বড় ‘আলিম বলে কাউকে পাওয়া যাবে না’ বলে সাহাবী ও তাবিউদ্দের যুগের প্রতি ইঙ্গিত করা হয়েছে। কেননা তাদের যুগের পর মদীনার বড় ‘আলিম এর সংখ্যা অপেক্ষা এর বাইরে ইসলামী বিশ্বের ‘আলিমের সংখ্যা বেশি ছিল।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54805>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন